

## 💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোম্ভাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৬৩. নিজের সাদাকা করা বস্তুটি পুনরায় খরিদ করা

আব্দুল্লাহ্ বিন্ 'উমর (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) একদা 'উমর (রা.) কে একটি ঘোড়া দিলে তিনি ঘোড়াটি জনৈক ব্যক্তিকে আল্লাহ্ তা'আলার পথে যুদ্ধ করার জন্য সাদাকা করে দিলেন। একদা তিনি শুনলেন ঘোড়াটি বিক্রি করার জন্য তা বাজারে উপস্থিত করা হয়েছে। তখন তিনি তা কেনার জন্য রাসূল (সা.) এর পরামর্শ চাইলে রাসূল (সা.) তাঁকে বললেন:

لاَ تَبْتَعْهُ ، وَلاَ تَرْجِعَنَّ فِيْ صَدَقَتِكَ

"তুমি তা খরিদ করো না এবং তোমার সাদাকায় পুনরায় ফিরে যেও না"।[1]

>

## ফুটনোট

[1] (বুখারী, হাদীস ২৭৭৫ মুসলিম, হাদীস ১৬২১)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11513

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন